



# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

“শেখ হাসিনার দর্শন  
বাংলাদেশের উন্নয়ন”

স্মারক নং- মাপৌ/প্রশাঃসাধাঃ-২০২৪/৪১৯

তারিখ : ২১/০৩/২০২৪ খ্রি.

## “নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি” (UICC) সভার কার্যবিবরণী।

- ০১ সভার সভাপতি : জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, “নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি” (UICC), মানিকগঞ্জ পৌরসভা
- ০২ সভার নাম : “নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটির” (UICC) সভা
- ০৩ সভার তারিখ : ২১/০৩/২০২৪ খ্রি.
- ০৪ সভার বার : বৃহস্পতিবার
- ০৫ সভার সময় : বেলা ১২.৩০ ঘটিকা
- ০৬ সভার স্থান : মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ

### সভায় উপস্থিতির নাম ও স্বাক্ষরঃ- (পরিশিষ্ট-ক)

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটির (UICC) সভাপতি জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা- উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে “নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটির” (UICC) সভার সদস্য- সচিব জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা-কে কমিটির কার্যক্রম শুরু করার আহ্বান জানান।

### ০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও স্থিরিকরণঃ-

**আলোচনা :** অত্র কমিটির সদস্য-সচিব জনাব মোঃ বজলুর রহমান পিএনও, মানিকগঞ্জ পৌরসভা “নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটির” গত ০৩/১২/২০২৩ ইং তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শোনান। পিএনও কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত :** বিগত সভার কার্যবিবরণী শ্রবণান্তে কোন রূপ সংশোধনী না থাকায় উক্ত সভার কার্য বিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সুপারিশ গৃহিত হলো।

### ০২। IUGIP প্রকল্পের জন্য নিয়োগকৃত কর্মকর্তা কর্মচারীদের বসার স্থান নির্ধারণ ও বিভিন্ন আসবাবপত্র প্রদান :

**আলোচনা :** সভায় অত্র কমিটির সদস্য-সচিব জনাব মোঃ বজলুর রহমান পিএনও, মানিকগঞ্জ পৌরসভা জানান যে, IUGIP প্রকল্পের বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়নের জন্য ইতোমধ্যে এলজিইডি অফিস হতে ১ জন মিউনিসিপাল প্রকৌশলী, ১ জন সহকারী প্রকৌশলী, ১ জন উপ সহকারী প্রকৌশলী, ১ জন কম্পিউটার অপারেটর ও ২ জন CDA পদে নিয়োগ পূর্বক অত্র পৌরসভায় প্রকল্প বাস্তবায়নের কাজে সহায়তা করার জন্য প্রেরণ করেছেন। তাদের কার্যাবলী সম্পাদনের প্রয়োজনে তাদের বসার কক্ষ নির্ধারণ প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় সহ কম্পিউটার অপারেটরের জন্য জরুরী ভিত্তিতে ১টি কম্পিউটার ক্রয় আবশ্যিক।

তাদের বসার জন্য অত্র পৌরসভার নির্বাহী প্রকৌশলী পরামর্শ মোতাবেক অত্র পৌরসভার শহর পরিকল্পনাবিদ বর্তমানে অনুপস্থিত থাকায় তার কক্ষে সহকারী প্রকৌশলী, কম্পিউটার অপারেটর ও CDA দ্বয়কে বসার ব্যবস্থা করার প্রস্তাব এবং উপ সহকারী প্রকৌশলী ও কার্য সহকারীকে অত্র পৌরসভার উপ সহকারী প্রকৌশলীদের কক্ষে বসার ব্যবস্থাসহ মিউনিসিপাল ইঞ্জিনিয়ারকে প্রধান নির্বাহী কর্মকর্তার কক্ষে বসার ব্যবস্থা করার প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে এলজিইডি প্রকল্প হতে প্রেরিত কর্মকর্তা কর্মচারীদের জন্য বসার জন্যে উল্লেখিত স্থান নির্বাচনের সুপারিশ সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো এবং পৌর তহবিল হতে জরুরী ভিত্তিতে আসবাবপত্র সহ একটি কম্পিউটার ক্রয়ের সুপারিশ সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

### (৩) পৌরসভার বিভিন্ন তথ্য প্রচার প্রচারনা প্রসঙ্গে আলোচনা :

আলোচনা : সভায় অত্র কমিটির সহায়ক কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল ইসলাম সভাকে জানান যে, পৌরসভার সেবা গ্রহিতা ও সেবা প্রদান সংক্রান্ত সকল তথ্য সঠিক ভাবে প্রচারের নিমিত্তে পৌরসভার নোটিশ বোর্ড, পৌরসভার ফেসবুক ও পৌরসভার ওয়েব সাইডে প্রচার প্রয়োজন। এ প্রসঙ্গে তিনি আরো জানান এখনো অনেক শাখা রয়েছে যারা সঠিক ভাবে তাদের তথ্য ওয়েব সাইডে প্রেরন করে না। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে পৌরসভার সেবা প্রদান ও সেবা গ্রহিতার নিমিত্তে তথ্য বিভিন্ন টেভার কার্যক্রম, ইজারা কার্যক্রম ও বিভিন্ন ধরনের সেবা প্রদানের নতুন নতুন তথ্য উদ্ভাবনের বিষয় সমূহ পৌরসভার নোটিশ বোর্ড, পৌরসভার ফেসবুক ও পৌরসভার ওয়েব সাইডে প্রকাশের সুপারিশ গৃহীত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি পবিত্র মাহে রমজানের পবিত্রতা রক্ষার আহবান জানান এবং অগ্রীম ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রমজান আলী)

মেয়র

মোঃ রমজান আলী

মেয়র

মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

সভাপতি

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি (UICC)

তারিখ : ২১/০৩/২০২৪ খ্রি.

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪/৪১৯

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।

০২। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।

০৩। জনাব ..... সদস্য, নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি (UICC), মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মেয়র

মানিকগঞ্জ পৌরসভা ও

সভাপতি

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি (UICC)

মোঃ রমজান আলী  
মেয়র  
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।